

💵 সহীহ হাদিসে কুদসি

হাদিস নাম্বারঃ ১৫৪

১/ বিবিধ হাদিসসমূহ

আরবী

154 - عَنْ أَبِي عِمْرَانَ الجوني قَالَ: قُلْتُ لِجُنْدُبِ: إِنِّي بَايَعْتُ هَوُّلَاءِ -يَعْنِي ابْنَ الزُّبَيْرِ - وَإِنَّهُمْ يُرِيدُونَ أَنْ أَخْرُجَ مَعَهُمْ إِلَى الشَّامِ فَقَالَ: أَمْسِكْ. فَقُلْت: إِنَّهُمْ يَأْبُونَ عَلَي، فَقَالَ: الْقَاتِلْ مَعَهُمْ بِالسَّيْف، فَقَالَ جُنْدُبُ: حَدَّتَنِي افْتَد بِمَالِكَ. قَالَ: قُلْتُ: إِنَّهُمْ يَأْبُونَ إِلَّا أَنْ أُقَاتِلْ مَعَهُمْ بِالسَّيْف، فَقَالَ جُنْدُبُ: حَدَّتَنِي افْتَلِنَ أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ: «يَجِيءُ الْمَقْتُولُ بِقَاتِلِهِ يَوْمَ الْقِيَامَةِ فَلَانٌ أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ: «يَجِيءُ الْمَقْتُولُ بِقَاتِلِهِ يَوْمَ الْقِيَامَةِ فَلَانٌ أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ: «نَجِيءُ الْمَقْتُولُ بِقَاتِلِهِ يَوْمَ الْقِيَامَةِ فَلَانٌ أَنَّ رَسُولَ اللّهِ هَذَا فِيمَ قَتَلَنِي» قَالَ شُعْبَةُ: فَأَحْسِبُهُ قَالَ: «فَيَقُولُ: عَلَامَ قَتَلْتَهُ؟ فَيَقُولُ: عَلَامَ قَلْتَهُ؟ فَيَقُولُ: قَتَلْتُهُ عَلَى مُلْكِ فُلَانٍ». قَالَ: فَقَالَ جُنْدُبُ: فَاتَّقِهَا. (حم) صحيح

বাংলা

১৫৪. ইমরান আল-জাওনি থেকে বর্ণিত, তিনি বলেন: আমি জুনদুবকে বললাম: আমি তাদের নিকট বারণআত হয়েছি, অর্থাৎ আব্দুল্লাহ ইবনু জুবায়ের এর হাতে, তারা চায় আমি তাদের সাথে শামের উদ্দেশ্যে রওয়ানা হই, তিনি বললেন: বিরত থাক। আমি বললাম: তারা আমাকে পীড়াপীড়ি করে। তিনি বললেন: তোমার সম্পদ দিয়ে বিরত থাক। তিনি বলেন: আমি বললাম: আমি তাদের সাথে তলোয়ার দ্বারা যুদ্ধ করব এ ছাড়া কিছুতেই তারা রাজি হয় না। অতঃপর জুনদুব বললেন: অমুকে আমার নিকট বলেছে যে, রাস্লুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: "কিয়ামতের দিন নিহত ব্যক্তি তার হত্যাকারীকে নিয়ে উপস্থিত হবে, অতঃপর সে বলবে: তাকে জিজ্ঞাসা কর কেন আমাকে হত্যা করেছে"। শু'বা বলেন: আমার মনে হয় তিনি বলেছেন: "সে বলবে: কিসের ওপর আমাকে হত্যা করেছে? সে বলবে: অমুকের নেতৃত্বে আমি তাকে হত্যা করেছি"। তিনি বলেন: অতঃপর জুনদুব বলল: সুতরাং তুমি বিরত থাক। [আহমদ] হাদিসটি সহিহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলাম হাউস

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন